অনেক বেশি মুখর ও তুখোর বক্তা ছিলেন কাকলী ঘোষদত্তিয়ার। বিভিন্ন সময়ে দল কাকলীকে দিয়ে শুধু সাংবাদিক বৈঠক করানি, ২০১২ সালে উত্তরপ্রদেশ ভোটে দায়িত্বও দিয়েছিল। কালীঘাটের ঘনিষ্ঠ সূত্রের মতে, কৌশলগতভাবেই শতাব্দীকে তুলে আনার চেষ্টা হচ্ছে। তা শুধু মমতা বন্দ্যোপাধ্যায় বা শুধু অভিযেক বন্দ্যোপাধ্যায়ের ব্যাপার নয়, দু’জনে মিলে আলোচনা করেই করেছেন। শুক্রবার যে ১০ জন সাংসদকে নির্বাচন কমিশনে পাঠানো হয়েছে, সেই টিম তৈরি করে দিয়েছিল কালীঘাটই। সেই সঙ্গে ক্রিস্টও বলে দেওয়া হয়েছিল। বৈঠকের পর কে কে সাংবাদমাধ্যমে বিবুতি লেবেন। শতাব্দীর নামটাও কালীঘাট থেকেই ঠিক করে দেওয়া হয়। তৃণমূলের

কালীঘাটের আত্মভাঞ্জন ওই নেতার কথায়, সমস্যা হল দলে মহিলা সাংসদ, বিধায়ক বা নেত্রীদের মধ্যে ভাল বস্তার অভাব রয়েছে। কাকলী ঘোষদত্তিপারের শরীর ইদনীং ভাল যাচ্ছে না। অন্যদিকে মহম্মা মেত্র বাংলায় বললে তার খুব বেশি ৭ এহণযোগ্যতা থাকছে না। সমস্যা রয়েছে কলকাতাতেও শশী পাঁজা বা চন্দ্রিমা ভট্টাচার্য; এঁরা কেউই ক্ষুরধার বলে বিবেচিত নন। শশী পাঁজা বাঙালি নন, তাই তাঁর বাংলা শকচয়নে ও বলায় সমস্যাও রয়েছে। অথচ দেখা যাচ্ছে, চিভির বিতর্কে হোক বা আলোচনা সভায় বিজেপি বা বামেরা যখন কেয়া ঘোষ- দীপ্তিতা ধরদের মতো মহিলাদের তুলে আনছেন, তখন শাসক দল তৃণমূলের কেউ নেই। সার্বিক এই প্রেক্ষাপটে যেমন, শতাব্দী

রায়কে শিথিয়ে পড়িয়ে ঘষে মেজে যেমন এগিয়ে দেওয়া হচ্ছে, তেমনই বাংলাতেও তরুণ মুখ শোঁজা হচ্ছে। এ ব্যাপারে আপাতত পাঠ দেওয়া হচ্ছে ডেপুটি মেয়র অতীন ঘোষের মেয়ে তথা তরুণ নেত্রী প্রিয়দর্শিনী ঘোষকে। তবে প্রিয়দর্শিনী ছাড়া আর কাউকে সেভাবে এখনও যোগ্য হিসাবে ধরাই যায়নি। তৃণমূলের ওই নেতার কথায় শুক্রবার শতাব্দী রায়ের পারফরমেন্স মন্দ ছিল না। যে ৫ প্রশ্ন দল কমিশনের কাছে করতে চেয়েছে, তা বাহিরে এসে স্পষ্ট ভাবেই বলেছেন ও ব্যাখ্যা করেছেন শতাব্দী। বলা যেতে পারে এই শুরু। এ বার শতাব্দীকে আরও ঘন ঘন এই ভূ মিকায় দেখা যাবে। ছাত্রিশের ভোটের প্রচারেও তাঁকে আরও বেশি ব্যবহার করার কথা ভাবছে দল।

এস.আই.আর. আবহে সোমবার থেকে কলকাতায় বসছে ক্যাম্প, কী হবে এখানে?



দূরস্বভাবতা, নিজস্ব সংবাদদাতা, কলকাতা : সোমবার থেকে ক্যাম্প খুলছে কলকাতা পৌরনিগম। কীসের জন্য খোলা হচ্ছে সেই ক্যাম্প? আসলে এসআইআর-এর আবহে জন্মের শংসাপত্র থেকে মৃত্যুর শংসাপত্রের চাহিদা বাড়ছে। আর

সেই কারণে ক্যাম্প খুলছে পুরসভা। মেরার ফিরহাদ হাকিম ইতিমধ্যেই এই ক্যাম্পের বিষয়টি জানিয়েছেন। সোমবার থেকে খোলা হবে এই ক্যাম্প। কারণ, জন্ম ও মৃত্যুর শংসাপত্র নিতে এসে অনেকের অনেক প্রশ্ন থাকে। এই শংসাপত্র

কীভাবে পাবেন, কোথা থেকে হাতে পাবেন, এছাড়াও আরও অনেক প্রশ্ন থাকে। ফলে যারা কবরত লাগবে, তারের পক্ষে সব উত্তর দেওয়া সম্ভব হচ্ছে না। সেই কারণে এই ক্যাম্প খোলা হচ্ছে। কলকাতা পৌরনিগম

হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট-এ শুরু হল ৪ দিনের সমন্বিত সংযোগ ও প্রচার কর্মসূচি

দূরস্বভাবতা, নিজস্ব সংবাদদাতা, দার্জিলিং, নভেম্বর ২৫ ২০২৫, সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন আঞ্চলিক কার্যালয় (পশ্চিমবঙ্গ, উত্তর), শিলিগুড়ি, আজ দার্জিলিং-এর হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউটে চার দিনের একটি সমন্বিত যোগাযোগ ও প্রচার কর্মসূচির সূচনা করেছে। এই উদ্যোগের লক্ষ্য হল গুরুত্বপূর্ণ সরকারি কর্মসূচিগুলি নাগরিকদের অংশগ্রহণ নিশ্চিত করতে কার্যকর জন-সংযোগের গুরুত্বপূর্ণ ভূমিকার উপর জোর দেন। আইকম-এর উদ্দেশ্যগুলি নিয়ে একটি বিস্তারিত অধিবেশন পেশ করে পিঅাইবি ও সিবিসি, কলকাতার অতিরিক্ত মহানির্দেশক মিস জেন নামচু, সমাজের সর্বস্তরে

সচেতনতা প্রচারগুলির গুরুত্ব তুলে ধরেন এবং অংশগ্রহণকারীদের সরকারি প্রকল্পগুলি সম্পর্কে অবহিত থাকার জন্য অনুরোধ করেন, যাতে তারা ব্যক্তিগতভাবে উপকৃত হতে পারেন এবং অন্যদেরও সেগুলি পেতে সাহায্য করতে পারেন। উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সিবিসির সহকারি নির্দেশক শ্রী এম. কে. হাইত, উন্নয়নমূলক উদ্যোগে নাগরিকদের অংশগ্রহণ নিশ্চিত করতে কার্যকর জন-সংযোগের গুরুত্বপূর্ণ ভূমিকার উপর জোর দেন। আইকম-এর উদ্দেশ্যগুলি নিয়ে একটি বিস্তারিত অধিবেশন পেশ করে পিঅাইবি ও সিবিসি, কলকাতার অতিরিক্ত মহানির্দেশক মিস জেন নামচু, সমাজের সর্বস্তরে

সরকারি নীতি এবং উন্নয়নমূলক কর্মসূচিগুলি ছড়িয়ে দেওয়ার ক্ষেত্রে সিবিসির কার্যভার ব্যাখ্যা করেন। আরও অবহিত সমাজ গড়ে তুলতে অংশগ্রহণকারীদের তাদের নিজ সম্প্রদায়ের মধ্যে গুরুত্বপূর্ণ বার্তাগুলি ছড়িয়ে দিতে উৎসাহিত করেন। সিভিএসটির যুগ্ম কমিশনার শ্রী নির্মল জয় একটি তথ্যমূলক সেশন পেশ করেন, যেখানে তিনি ছাত্রছাত্রী, প্রশিক্ষণার্থী ও স্থানীয় অংশগ্রহণকারীদের জন্য জিএসটি ২.০-এর বৈশিষ্ট্যগুলি সরলভাবে ব্যাখ্যা করেন। দিনের অন্যান্য বক্তাদের মধ্যে ছিলেন সিভিডিও, দার্জিলিং (শহরায়ত্তা)-এর শ্রী অজয় কুমার প্রসাদ; পিএলআই, দার্জিলিং পোস্ট অফিসের ডেভলপমেন্ট অফিসার শ্রী

সুমিত কুমার শাহ এবং রামকৃষ্ণ বেসিক ট্রেনিং সেন্টারের অধ্যক্ষ শ্রীমতী লোচন থাপা, যারা সরকারি কল্যাণ মূলক প্রকল্প এবং প্রাতিষ্ঠানিক প্রচারের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। উদ্বোধনী দিনের কার্যক্রমের অংশ হিসেবে, একটি কুইজ প্রতিযোগিতা বিভিন্ন বিষয়ে অংশগ্রহণকারীদের জ্ঞান ও সচেতনতা পরীক্ষা করে। এরপর এক ভারত শ্রেষ্ঠ ভারত থিমের উপর সিবিসির সঙ্গীত ও নাট্য বিভাগ একটি উজ্জ্বল সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়, যা ভারতের বৈচিত্র্যের মধ্যে একাঙ্কে উপস্থাপন করে। চার দিনের এই আইকমপে বিভিন্ন সচেতনতা মূলক অধিবেশন, প্রদর্শনী, সাংস্কৃতিক উপস্থাপনা এবং নাগরিক-অংশগ্রহণ মূলক কার্যকলাপ চলাতে থাকবে।

অ্যাস্ট্রোপলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া প্রাঙ্গণে শুরু হল আই এ এস পি-এর ৪৬-তম বার্ষিক সম্মেলন

দূরস্বভাবতা, নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ২৭ নভেম্বর ২০২৫, ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য স্টাডি অফ পপুলেশন-এর ৪৬ তম বার্ষিক সম্মেলন আজ কলকাতার অ্যাস্ট্রোপলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া-তে উদ্বোধন করা হয়েছে। ভারতের অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে জনতাত্ত্বিক চালিকাশক্তির ভূমিকা নিয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বরা এই সম্মেলনে মতবিনিময় করছেন। এই তিনদিনের সম্মেলনে (২৭-২৯ নভেম্বর ২০২৫) অ্যোজেন কর্তৃকে আই এ এস পি ন্যাশনাল অ্যাটলস অ্যান্ড থিম্যাটিক ম্যাপিং অর্গানাইজেশনের যৌথ

উদ্যোগে ও অ্যাস্ট্রোপলজিকাল সার্ভে অফ ইন্ডিয়ার সহযোগিতায়। সম্মেলনের থিম “People, Planet, Prosperity Demographic Drivers of India’s Inclusive Growth.” উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন অধ্যাপক কে. এন. সিং, মাননীয় উপাচার্য, সাউথ বিহার সেন্ট্রাল ইউনিভার্সিটি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিতি ছিলেন অধ্যাপক এ. পি. সিং, মহাপরিচালক, ন্যাশনাল লাইব্রেরি, কলকাতা। উল্লে দ্বাধনী অনুষ্ঠানে UNFPA India, International Union for the Scientific Study of

Population SIUSSPV-কে ২০২৫ সালের United Nations Population Award (Institutional Category) প্রাপ্তির জন্য সম্মান জানান। বিশ্বজনীন জনসংখ্যা বিজ্ঞান ও প্রমাণ, নির্ভর নীতিনির্ধারণে IUSSP-এর পথপ্রদর্শক অবদানের স্বীকৃতি দেওয়া হয়। সংস্থার সভাপতি (২০২২,২০২৫) ড. শিরিন জিজিভয় এই সম্মানের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং জনতাত্ত্বিক গবেষণা ও সার্বিক সহযোগিতা আরও দৃঢ় করার বিষয়ে সংস্থার প্রতিশ্রুতি পুনর্বক্ত করেন। উদ্বোধনী বক্তব্যে UNFPA India-র প্রতিনিধি Andrea M. Wojnar ভারতের

উন্নয়নপথে শক্তিশালী জনতাত্ত্বিক তথ্যভাণ্ডার এবং যুবকেন্দ্রিক নীতির অপরিহার্যত্বের সর্বোচ্চ নেন। তিনি বলেন, বিশ্বের পরিবর্তনশীল জনসংখ্যা, সমৃদ্ধ দেশ হিসেবে ভারতের জনসংখ্যায় অতৃপ্তপূর্ব সম্ভাবনার দ্বার উন্মুক্ত। সম্মেলনে থাকছে থিম, ভিত্তিক বিভিন্ন কারিগরি অধিবেশন, প্যানেল আলোচনা ও প্রেজেন্টেশন। উদ্বোধনী দিনটি তিনদিনের তাৎপর্যপূর্ণ আলোচনার জন্য ভিত্তি তৈরি করছে, যার লক্ষ্য ভারতের জনতাত্ত্বিক প্রস্তুতিকে শক্তিশালী করা এবং এমন অধিকার,ভিত্তিক নীতি নির্ধারণকে এগিয়ে নেওয়া, যাতে কোনো নাগরিক পিছিয়ে না থাকে।

মুক ও বধির এক নাবালিকাকে ধর্ষণ

দূরস্বভাবতা, নিজস্ব সংবাদদাতা, জয়নগর : আবার এক নাবালিকাকে ধর্ষনের ঘটনা। এবার মুক ও বধির নাবালিকাকে খাবারের প্রলোভন দেখিয়ে লাগাতার ধর্ষণের অভিযোগ। আর এই ঘটনা জনাজানি হতেই অভিমুক্ত ভ্যান চালককে গণপিটুনির অভিযোগ উদ্ভেজিত জনতার বিরুদ্ধে। আর এই ঘটনাকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে ওঠে দক্ষিণ ২৪ পরগনার জীবনতলা থানা এলাকার ঘুটিয়ারি শরিফ। পুলিশ গিয়ে পরিস্থিতি আয়ত্তে আনে। প্রেপ্তার করা হয়েছে অভিমুক্তকে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দক্ষিণ ২৪ পরগনার জীবনতলা থানা এলাকার ঘুটিয়ারি শরিফের বাসিন্দা বহুর দশেকের ওই মুক ও বধির নাবালিকা। পরিবারের সদস্যরা সকালে কাজে বেরিয়ে যেতেন। ফলে বাড়িতে একাই থাকত নাবালিকা বাড়ি ফাঁকা থাকার সুযোগ নেয় এলাকারই বাসিন্দা, পেশায় ভ্যানচালক কওসার শেখ। অভিযোগ, খাবারের লোভ দেখিয়ে প্রায়ই নাবালিকাকে ধর্ষণ করত সে। কিন্তু বিশেষ ক্ষমতা সম্পন্ন ওই নাবালিকা কাউকে কিছু জানাতে পারেনি। শুক্রবার রাতে ফের কওসার নাবালিকার বাড়িতে হাজির হয়, ধর্ষণ করে বলে অভিযোগ। বাড়ি ফিরে পরিবারের সদস্যরা দেখেন, রক্তাক্ত অবস্থায় পড়ে রয়েছে নাবালিকা। সঙ্গে সঙ্গে তাকে উদ্ধার করে কানিন মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এদিকে স্থানীয়রা জানতে পারেন এই ঘটনার পিছনে আছেন কওসার। এরপরেই উদ্ভেজিত জম্মা চড়াও হয় তার উপর। চলে গণহালাই। আর এই খবর পেয়ে ঘটনাস্থলে যায় বিশাল পুলিশ বাহিনী। ঘটনাস্থলে গিয়ে কানিন মহকুমা পুলিশ আরক্ষ আধিকারিক রাম কুমার মণ্ডল আইনানুগ ব্যবস্থার আস্থা করেন। তারপরই অভিমুক্তকে প্রেপ্তার করে পুলিশ।

যুবককে কুপিয়ে খুনের চেষ্টা

দূরস্বভাবতা, নিজস্ব সংবাদদাতা, মহেশতলা : মহেশতলায় এক যুবককে কুপিয়ে খুনের ঘটনায় রীতিমতো চাঞ্চল্য ছড়ালো এলাকায়। মাংসের দোকানের দুই কর্মীর মধ্যে বামেলা। আর তার জেরে এক যুবককে কোপানোর অভিযোগ সহকর্মীর বিরুদ্ধে। আহত যুবক এস. এস. কে. এম. হাসপাতালে চিকিৎসাধীন। আর এই ঘটনায়অভিমুক্ত কর্মীকে প্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার রাতে ঘটনাস্থি ঘটেছে মহেশতলা থানা এলাকায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, দক্ষিণ ২৪ পরগনার মহেশতলা থানা এলাকায় আকড়াবাজারে সোহেল শেখ ও আলমগীর শেখ নামের দুই কর্মীর মধ্যে বচসা বাধে। তারা বাজারের একটি মাংসের দোকানের কর্মী বলে জানা যায়। অভিযোগ সেই সময় আলমগীর শেখ (৪০) সোহেল শেখের (২০) পেটে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করেন। একবার নয়, বারংবার কোপাতে থাকে বলে অভিযোগ। ঘটনাস্থলেই রক্তাক্ত অবস্থায় কুটিয়ে পড়েন যুবক। আর এই খবর পেয়ে ঘটনাস্থলে আসে মহেশতলা থানার বিশাল পুলিশবাহিনী। তড়িৎবিড়ি আহত যুবককে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে অবস্থার অবনতি হলে তাঁকে কলকাতার এস. এস. কে. এম. হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

বাইপাসে মাদক খাইয়ে শ্লীলতাহানির অভিযোগ

দূরস্বভাবতা, নিজস্ব সংবাদদাতা : ফের শহরে নারী নির্যাতন। শুক্রবার রাতে অফিস থেকে বাড়ি ফেরার জন্য বাসস্ট্যান্ডে অপেক্ষা করছিলেন তরুণী। সেইসময়েই একটি চারাকল গাড়ি এসে তাঁর সামনে দাঁড়ায়। তিন যুবক গাড়ি থেকে নেমে জোর করে তাঁকে গাড়িতে তুলে নিয়ে যায় বলে অভিযোগ। এরপর গাড়ির মধ্যেই তরুণীকে মাদক খাইয়ে শ্লীলতাহানি করা হয়। কোনওরকমে তাঁদের হাত রক্ষা পান নির্যাতিতা। ইতিমধ্যেই প্রগতি ময়দান থানায় অভিযোগ দায়ের হয়েছে। সূত্রে খবর, গতকাল রাতে প্রগতি ময়দান থানা এলাকা থেকে ওই তরুণীকে উদ্ধার করে পুলিশ। তাঁকে নিয়ে যাওয়া হয় কাছের একটি হাসপাতালে। এখনও সেখানেই চিকিৎসাধীন রয়েছেন নির্যাতিতা। তদন্ত শুরু হয়েছে। জানা গেছে, অভিমুক্তদের একজন তরুণীর পরিচিত ছিলেন। অভিযোগ, গাড়িতে তোলার পরই তরুণীকে মাদক খাওয়ানোর চেষ্টা করা হয়। তিনি বাধ্য দিলে মারধর করা হয়। এরপর শ্লীলতাহানি করা হয়েছে বলেও জানা গেছে। গোটা ঘটনার পর তরুণী অসুস্থ হয়ে পড়েন, শহরের এক সরকারি হাসপাতালে তাঁর চিকিৎসা চলাছে। জানা গেছে, তরুণী বিবাহিত, পূর্ব কলকাতায় তাঁর বাড়ি। যেহেতু অভিমুক্তদের একজনকে তরুণী আগে থেকেই চিনতেন, তাই দু-তিন মাস ধরে তাঁদের কথা হচ্ছে। তাই এই ঘটনা বাকি দুই অভিযুক্তের সঙ্গে মিল পূর্ব পরিকল্পিতভাবে ঘটানো হয়েছে কিনা তাও জ্ঞানার চেষ্টা করছে পুলিশ। তরুণীর গোপন বয়স জানা হয়েছে। তিন অভিযুক্তর খোঁজে তদন্তি শুরু করেছে প্রগতি ময়দান থানার পুলিশ।

দীর্ঘদিনের দাবি মেনে বছরের শুরুতেই তৈরি হচ্ছে নতুন রাস্তা



দূরস্বভাবতা, নিজস্ব সংবাদদাতা : নতুন বছরের উপহার। দীর্ঘদিনের দাবি মেনে আনুমানিক ২৩ লক্ষ টাকা ব্যয়ে তৈরি হচ্ছে নতুন রাস্তা। নির্মাণকাজ শেষ হলে উপকৃত হবেন দক্ষিণ হাওড়ার মানুষ। অবশেষে দীর্ঘদিনের দাবি মেনে আনুমানিক প্রায় ২৩ লক্ষ টাকা ব্যয়ে তৈরি হচ্ছে নতুন রাস্তা। এই কাজ শেষ হলে উপকৃত হবেন দক্ষিণ হাওড়ার বিত্তপূর্ণ এলাকার মানুষজন। ওই রাস্তা নির্মাণের কাজ সম্পর্কে হাওড়া পুরসভার বিদায়ী প্রশাসকঅল্লীর উপ মুখ্য প্রশাসক সৈকত চৌধুরী জানান, দক্ষিণ হাওড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ৪১ এবং ৪৫ নম্বর ওয়ার্ডের ওই রাস্তা তৈরির কাজ ইতিমধ্যেই

সরোজমিন করা হয়েছে। ওই এলাকার রাস্তাঘাটের পরিস্থিতি শোচনীয় ছিল বলে অঞ্চলের মানুষের দীর্ঘদিনের অভিযোগ ছিল। উদ্যোগ নিয়ে সেই রাস্তা তৈরির কাজ শুরু হয়েছে। হাওড়া পুরসভার তরফ থেকে প্রায় ২৩ লক্ষ টাকা ব্যয়ে এই রাস্তা নির্মাণ করা হচ্ছে। দক্ষিণ হাওড়া বিধানসভা কেন্দ্রের বিধায়িকা নন্দিতা চৌধুরীর নির্দেশে আমরা সকলে উদ্যোগ নিয়ে এই রাস্তা করছি। রাস্তার কাজ শুরু হওয়ায় খুশি এলাকার মানুষও। সৈকত বাবু বলেন, বাংলার মুখামন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আশীর্বাদে সমগ্র বাংলার পাশাপাশি দক্ষিণ হাওড়াতেও উন্নয়নের কাজ এগিয়ে চলেছে।

ভয়াবহ আগুন, ৩টি দোকান ও ৩টি ঘর আগুনে পুড়ে ছাই

দূরস্বভাবতা, নিজস্ব সংবাদদাতা, বিরাটা : নভেম্বরের ভোর আবারও সাক্ষী হলো এক ভয়াবহ অগ্নিকাণ্ডের। উত্তর দমদম পুরসভার ৩৩ নং ওয়ার্ডের এয়ারপোর্ট থানার অধীনে বিরাটার মধ্য নীলাচল এলাকার রেল লাইন সংলগ্ন বস্তিতে লাগল ভয়াবহ আগুন। বাসস্থান ও দোকানঘর মিলিয়ে মোট ছয়টি ঘর ভষ্মীভূত হল। স্থানীয় সূত্রে জানা গিয়েছে শনিবার ভোর তিনটে থেকে সাড়ে তিনটে এর মাঝে আগুনলাগার খবর ছড়ায়। আগুন লাগা শুরু হয়েছিল একটি লান্ড্রির দোকানে, সেখান থেকে দাঁউ দাঁউ করে আগুনের লেলিহান শিখা মুহূর্তের মাঝে ছড়িয়ে পড়তে থাকে সংলগ্ন দোকান ঘরগুলিতে। খ বর পেয়েই স্থানীয় এলাকাবাসীরা ছুটে এসে নিকটস্থ পুকুর থেকে জল দিয়ে আগুন নেভানোর চেষ্টা করতে

থাকেন। তখন ঘড়িতে বিকেল ৪টে। কিন্তু আগুন নেভার কোনো সম্ভাবনাই ছিল না, উল্টে বাড়তে থাকে। এর আধঘণ্টা পরেই প্রথমে বিরাটা ও পরে দমদম এবং বারাসতের তিনটি ইঞ্জিন দমকল ঘটনাস্থলে এসে পৌঁছায়। দমকলকর্মীদের তৎপরতায় প্রায় দু ঘন্টা ঘটনার ওপরে আগুন দ্রুত নিয়ন্ত্রণে আসতে থাকে। এলাকা জুড়ে উড়ন্ত ছাইয়ের সঙ্গে মিশে যায় ঘরহারাদের আত্ননৈদ। ছুটে আসে এয়ারপোর্ট থানার পুলিশ। বিরাটা, দমদম ও বারাসতের তিনটি ইঞ্জিন ঘটনাস্থলে দু'ঘন্টার মধ্যে আগুন নিয়ন্ত্রণে আনে। তিনটি ইঞ্জিন ও রেললাইন লাগোয়া দুটি ঘর ভষ্মীভূত হয়েছে বলে দমকল সূত্রে খবর। কোন হতাহত হয় নি। যেহেতু কাঠের স্ট্রাকচার দোকান ওলি আগুন শিখা দ্রুত ছড়িয়ে পড়ে।

হাওড়ার সলপ বাজার কাটলিয়ায় লরির ধাক্কায় মৃত্যু



দূরস্বভাবতা, নিজস্ব সংবাদদাতা : হাওড়ার সলপ বাজার কাটলিয়ার কাছে লরির ধাক্কায় সাইকেল আরোহীর মৃত্যু, উত্তেজনা। পথ অবরোধ করে বিক্ষোভ। জানা গেছে, হাওড়ার সলপ বাজারে শনিবার সকালে ওই ঘটনা ঘটে। স্থানীয় বাসিন্দা শঙ্কর দত্ত কোনা হাইরোডের দিকে সাইকেলে যাওয়ার সময় রাস্তা পারাপারের সময় লরির সামনের চাকায় পড়ে যান। লরিচালক গাড়ি থোরাত গিয়ে দেখতে না পেয়ে সাইকেল আরোহীর পায়ের উপর লরির চাকা তুলে দেন বলে অভিযোগ। দুর্ঘটনার পর স্থানীয় বাসিন্দারা গুরুতর

জখম অবস্থায় আহত ব্যক্তিকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে সেখানে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। এই ঘটনার পরই এলাকায় উত্তেজনা ছড়ায়। স্থানীয় বাসিন্দারা পথ অবরোধ করে বিক্ষোভ দেখাতে শুরু করেন। স্থানীয়দের অভিযোগ, এলাকায় ব্যস্ত সময়েও ট্রাফিক পুলিশ থাকেনা। রাস্তায় সবসময় যানজট লেগেই থাকে। ভারী যান চালাচল করে ব্যস্ততম সময়ে। পরে পুলিশ এসে অবরোধ তোলে এবং পরিস্থিতি সামাল দেবে। দেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে।

বিয়ে বাড়ি থেকে ফেরার পথে দূর্ঘটনায় মৃত এক, আহত একাধিক



দূরস্বভাবতা, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর : জয়নগরে বিয়ে বাড়ি থেকে ফেরার পথে মর্মান্তিক এক পথ দুর্ঘটনায় প্রাণ গেলো ১ জনের, আহত বেশ কয়েকজন।শুক্রবার গভীর রাতে বিয়ে বাড়ি থেকে খাওয়া দাওয়া সেরে বাড়ি ফেরার পথে ঘটে গেল এক মর্মান্তিক পথ দুর্ঘটনা। কুলতলি থানা এলাকার ১১ নং সূরেন বাবুচর এলাকা থেকে একটি বিয়ে বাড়ির দল জয়নগর থানার বিশ্বাসচকরে বিয়ে বাসে গিয়েছে এসেছিল। এরপর তারা খাওয়া দাওয়া সেরে বাড়ি ফিরছিলেন মোটর ভ্যানে করে। সেই সময় হঠাৎ বকুলতলা থানা এলাকার ময়দা গ্রাম পঞ্চায়তের নপুকুরিয়া এলাকাত দুর্ঘটনার করলে পড়ে। মোটর ভ্যানের চাকা বাঁস্ট করে। এরপর গাড়ি চালক নিয়ন্ত্রণ না করতে পেরে পুকুরে গিয়ে পড়ে। গাড়িতে প্রায় ২৫ থেকে ৩০ জন লোক ছিল। সবাই পড়ে যায়, এরপর এলাকাবাসী খবর পেয়ে ছুটে আসে। সবাই মিলে উদ্ধার কাজে হাত

মেলায়। কিন্তু তাতে ও শেষ রক্ষা হলো না, প্রাণ চলে গেল নীলরতন মন্ডলের (৬৫), এছাড়া বেশ কয়েকজন আহত হয় তার মধ্যে একজনের অবস্থা গুরুতর হওয়ায় তাদের স্থানীয় একটি নার্সিংহোমে চিকিৎসার পরে এক জন্ের অবস্থা আশঙ্কা জনক হওয়ায় তাঁকে বার্কইপুর মহকুমা হাসপাতালে রান্নাতরিত করা হয়। ঘটনার খবর পেয়ে ছুটে আসে বকুলতলা থানার পুলিশ। এরপর বেশ কিছুক্ষণ পুলিশ ওই পুকুরে জাল ফেলে। আর কোন ব্যক্তি আছে কিনা তা জানার জন্য। এরপর ঘটনাস্থল থেকে দেহটি উদ্ধার নিয়ে যাওয়া হয়। সেখান থেকে শনিবার দেহ ময়না তদন্তের জন্য কলকাতায় পাঠানো হয়। পুরো থানার ওদন্ত শুরু করছে বকুলতলা থানার পুলিশ আর এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে যেহাত ব্যক্তি শনিবার ও চিকিৎসাধীন বার্কইপুর মহকুমা হাসপাতালে।

এল না এনুমারেশন ফর্ম, কারণ খুঁজতে গিয়েই মাথায় হাত বাঁকুড়ার মল্লিকার

নিজস্ব প্রতিনিধি, বাঁকুড়া, ২৯ নভেম্বরঃ স্বামী, পরিবার নিয়ে ঘর করছেন। চবিবশের লোকসভা নির্বাচনে ভোটও দিয়েছেন। এসআইআরের ফর্ম না আসার পর খোঁজ করতে গিয়েই মাথায় হাত পড়ল বাঁকুড়ার গৃহবধূরা। জানতে পারলেন, ভোটার তালিকায় তাঁর নামে পাশে ডিলিটেড স্ট্যাম্প রয়েছে। এনুমারেশন ফর্ম না পেয়ে চিন্তায় পড়েছেন মল্লিকা রক্ষিত নামে ওই গৃহবধূ। ওই গৃহবধূর এনুমারেশন ফর্ম না আসা নিয়ে রাজনৈতিক টানাপোড়েন শুরু হয়েছে। মল্লিকা রক্ষিতের বাড়ি বাঁকুড়ার ছাতনা চিনাবাড়ি গ্রামে। ওই গ্রামের ১২০ নম্বর বুথের দীর্ঘদিনের ভোটার মল্লিকা রক্ষিত এবং পেশায় শিক্ষক তাঁর স্বামী নিতাই রক্ষিত। ২০০২ সালের ভোটার তালিকায় দু’জনেরই নাম রয়েছে। ২০২৪ সালের লোকসভা নির্বাচনেও ওই দম্পতি ভোট দিয়েছেন। সম্প্রতি এসআইআর প্রক্রিয়া শুরু হলে স্বামী নিতাই রক্ষিত-সহ পরিবারের অন্য ৪ সদস্য ফর্ম পান। কিন্তু, ফর্ম পাননি

বলেন, “২০০২ সালের ভোটার তালিকায় আমার নাম রয়েছে। চবিবশেও ভোট দিয়েছি। এখন জানতে পারি, আমার নাম ভোটার তালিকায় ডিলিটেড দেখাচ্ছে। এটা ভীষণ চিন্তার। এখন শু নছি, এসআইআর ফর্ম না হলে তাকে ভারতীয় ধরা হবে কি না, তা দেখা হচ্ছে।” এই ঘটনার জন্য পূর্বতন বিএলও-কে দায়ী করলেন তিনি। ছাতনা পঞ্চায়েত সমিতির সভাপতি তথা ব্লক তৃণমূল নেতা বক্কিম মিশ্র এই ঘটনায় নির্বাচন কমিশনকে আক্রমণ করেন। তিনি বলেন, “রাজ্য সরকারি কর্মীরা বিএলও হিসাবে দায়িত্ব নিয়ে অত্যন্ত সচেতনভাবে কাজ করেন। তাই তাঁদের ভুলে নয়, নির্বাচন কমিশনের ভুলেই এমনটা হয়েছে।” বিজেপির পাণ্টা দাবি, “নির্বাচন কমিশন এর জন্য দায়ী নয়। বিএলও-র ভুলের কারণেই এমনটা ঘটেছে।” বিষয়টি নিয়ে তারা স্থানীয় ব্লক প্রশাসনের দ্বারস্থ হবে বলে জানান বিজেপি নেতা স্বপন মুখোপাধ্যায়।

রিচা ঘোষকে শুভেচ্ছা জানাতে শিলিগুড়িতে শুভেন্দু অধিকারী

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৯ নভেম্বরঃ বিশ্বকাপ জয়ী মহিলা ক্রিকেট দলের সদস্য রিচা ঘোষের বাড়িতে শুভেন্দু অধিকারী। শনিবার সাত সকালে রিচার শিলিগুড়ির বাড়িতে গিয়ে তাকে শুভেচ্ছা জানান শুভেন্দু। বিশ্বকাপ জয়ী ভারতীয় মহিলা ক্রিকেট দলের অন্যতম তারকা রিচা ঘোষের বাড়িতে শনিবার সকাল সাতটায় পৌঁছে তাকে হৃদয়ের গভীর থেকে শুভেচ্ছা জানালেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। স্থানীয় লোকজন, ক্রিকেটপ্রেমী এবং রিচার পরিবারের সদস্যরা এই শুভেচ্ছায় উচ্ছসিত। শুভেন্দু অধিকারী নিজের হাতে রিচাকে সংবর্ধনা জালিয়ে বলেন, “আজ আমার ফ্রন্ড সতিই ভরে গেছে।” শুভেন্দু বলেন “শিলিগুড়ির এই মেয়ে রিচা ঘোষ আজ শুধু উত্তরবঙ্গের নয়, গোটা পশ্চিমবঙ্গের এবং সমগ্র বাঙালির গর্ব হয়ে উঠেছেন। বিশ্বকাপের মাঠে তার অবিশ্বাস্য প্রতিভা, অদম্য মনের জোর এবং পরপর নজরকাটা সাফল্য সতিই আমাদের সকলের মনে গভীর ছাপ ফেলেছে। ভারতীয় জার্সি গায়ে পরে যে সাহস, শৃঙ্খলা এবং নিষ্ঠার পরিচয় রিচা বারবার দিয়েছেন, তা কেবল এই প্রজন্মকেই নয়, আগামী প্রজন্মকেও অনুপ্রাণিত করবে।” শুভেন্দু অধিকারী রিচার বাড়িতে পৌঁছে প্রথমেই তার পরিবারের সঙ্গে দেখা করলেন।



শুভেন্দু। শুভেন্দু অধিকারী সাংবাদিকদের বলেন, “আন্তর্জাতিক মঞ্চে রিচা ঘোষ যে ভাবে পশ্চিমবঙ্গের এবং আমাদের দেশের মুখ উজ্জ্বল করেছেন, তাতে কোনো প্রশংসাই তাঁর জন্য যথেষ্ট নয়। ক্রিকেটের মাঠে তার অসাধারণ পারফরম্যান্স আমাদের সকলকে গর্বিত করেছে। আমি আন্তর্জাতিক মঞ্চে আগামী দিনগুলোতে রিচা আরও সফল হবেন এই পূর্ণ আশ্বাস আছি।” তিনি আরও বলেন, “ভারতীয় মহিলা ক্রিকেট দলকে

রিচা এবং তার সতীর্থরা বিশ্বের সর্বোচ্চ শিখরে নিয়ে যাবেন, এই আমার দৃঢ় বিশ্বাস। রিচার এই সাফল্য শুধু তার ব্যক্তিগত জয় নয়,

পাকিস্তানের জেলে পূর্ব মেদিনীপুরের মৎস্যজীবীর রহস্যজনক মৃত্যু

নিজস্ব প্রতিনিধি, কাঁথি, ২৯ নভেম্বরঃ পাকিস্তানের জেলে মৃত্যু হল পূর্ব মেদিনীপুরের এক মৎস্যজীবীর। মৃতের নাম স্বপন রানা। পাকিস্তানের জেলে তাঁর মৃত্যুর কারণ নিয়ে প্রশ্ন তুলছে পরিবার। আগামী ৪ ডিসেম্বর পাকিস্তান থেকে মৃতদেহ ভারতের হাতে তুলে দেওয়া হবে। মৎস্যজীবীর মৃতদেহ গ্রামের

বাড়িতে ফিরিয়ে আনতে তৎপর হয়েছে প্রশাসন। মৃতের পরিবারের পাশে দাঁড়িয়েছে স্থানীয় মৎস্যজীবী সংগঠন। স্বপন রানার বাড়ি পূর্ব মেদিনীপুরের উত্তর কাঁথি বিধানসভা এলাকার বামুনিয়া অঞ্চলের পাইকবার গ্রামে। কর্মসূত্রে তিনি থাকতেন গুজরাটে। সেখানে একটি ট্রলার মালিকের অধীনে ট্রলারে মাছ

ধরতে যেতেন। তাঁর পরিবারের বক্তব্য, মাছ ধরতে গিয়েই ভুল করে তাঁদের ট্রলার ভারতীয় সীমান্ত পেরিয়ে পাকিস্তানের সীমানায় ঢুকে পড়েছিল। পাকিস্তানের পুলিশের হাতে আটক হয়েছিলেন। এরপর দীর্ঘ দুই বছর বন্দিদের খাকার পর হঠাৎ তাঁর মৃত্যুসংবাদ পৌঁছায় বাড়িতে। পরিবার ও এলাকাবাসীর

গৃহবধূকে খুনের দায়ে আজীবন গারদে আইনজীবী স্বামী

নিজস্ব প্রতিনিধি, বনগাঁ, ২৯ নভেম্বরঃ গৃহবধূকে শ্বাসরোধ করে খুনের ঘটনায় আইনজীবী স্বামী সহ শ্বশুর, শাশুড়ির আত্মত্যা কারাদণ্ডের নির্দেশ আদালতের। আত্মত্যা কারাবাস দেওয়ারেরও। শুক্রবার বনগাঁ আদালতের বিচারক (এডিজ ১) কল্লোয়াল কুমার দাসের এই রায় রীতিমতো সাতা ফেলে দিয়েছে। শুধু তাই নয়, বধূ নির্ধাতনে কেসে তিন বছরের জেল এবং এক হাজার টাকা

জরিমানা অনাদায়ে আরও তিন মাসের কারাদণ্ডেরও নির্দেশ দেওয়া হয়েছে। ফলে এবার গোটা জীবন জেলেই থাকতে হবে মৃতার স্বামী রথীন্দ্রনাথ সেন, শ্বশুর রথীন্দ্রনাথ সেন, শাশুড়ি সুগুমানি সেন এবং দেওর রজত সেনকে। আসল ঘটনার সূত্রপাত ২০২২ সালের ৮ এপ্রিল। বনগাঁ থানার শক্তিগড়ে শ্বশুরবাড়িতে গৃহবধূ প্রিয়া সেন বিশ্বাস ওরফে ইতুকে খুনের অভিযোগ ওঠে। শ্বশুরবাড়ির লোকজনের বিরুদ্ধে খুনের অভিযোগ তোলে মৃতার পরিবারের সদস্যরা। ঘটনার পরের দিনই প্রিয়া দেবীর মামতা বিশ্বাস বনগাঁ থানায় মেয়ের

স্বামী ও তার সঙ্গে শ্বশুর, শাশুড়ি এবং দেওরের বিরুদ্ধে খুনের অভিযোগ করেন। অভিযোগ পেতেই অ্যাকশন নেয় পুলিশ। কিছু সময়ের মধ্যেই গ্রেফতার করা হয় চারজনকেই। দীর্ঘসময় জেতার পর হয় ঘটনার পূর্ণনির্মাণ। তারপর থেকেই চলছিল শুনানি। চার্জশিট দেয় পুলিশ। এতদিন ধরে চলা সওয়াল জবাবে সবপক্ষেই যুক্তি খতিয়ে দেখেন বিচারক। যদিও শেষ



পর্যন্ত আদালতের রায়ে বৃহৎস্পতিবারই দেবী সারাবন্তু হয় চার অভিযুক্ত। এরপরই শুক্রবারই হয়ে গেল সাজা ঘোষণা। মেয়েকে হারিয়ে এখনও শোকস্তব্ধ প্রিয়া দেবীর পরিবারের সদস্যরা। আদালতের রায়ের অপেক্ষায় দিন গুনছিলেন আত্মীয়-পরিজনরা। শেষ পর্যন্ত রায়ে খুশি প্রত্যেকেই। রায়ের কথা শুনে কান্নায় ভেঙে পড়েন মা মমতা বিশ্বাস। চোখে জল নিয়েই বলেন, “আমার মেয়েকে তো আর কেনওদিন ফিরে পাব না। তবে খুনিরা শেষ পর্যন্ত সাজা পেয়েছে। এতেই আমি খুশি।”

বাড়ির ফিতর ঢুকে ৬ বছরের শিশুকে পিষে দিল গাড়ি

নিজস্ব প্রতিনিধি, মালদহ, ২৯ নভেম্বরঃ ভয়ঙ্কর দুর্ঘটনা মালদহে। অভিযোগ, নিয়ন্ত্রণ হারিয়ে একটি গাড়ি ঢুকে পড়ল ঘরে। ঘরের মধ্যে থাকা ছয় বছরের শিশুর মৃত্যু।। আশঙ্কাজনক অবস্থায় রয়েছেন মা-ও। বুধবার রাতের এই ঘটনায় রণক্ষেত্র পরিস্থিতি তৈরি হয় মালদার আরাপুর, কোতোয়ালি এলাকা। টাওয়ার ছালিয়ে রাস্তা অবরোধ করা হয়। ঘটনাস্থলে পুলিশ এসে পুলিশের গাড়িতেও হামলা চালালো অভিযোগ। মালদহ ইংরেজবাজার থানার কোতোয়ালির আরাপুর এলাকায় ঘটনাটি ঘটেছে। এই ঘটনার পর শুক্রবার সকাল থেকে আজ শনিবার, এখনও থমথমে এলাকা। জানা গিয়েছে, বুধবার একটি মারুতি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে আরাপুর এলাকায় একটি গৃহস্থ বাড়িতে ঢুকে পড়ে। সেই সময় ঘরের ভিতর ছিল ছয় বছরের ছোট দীপ পোদার। অভিযোগ, চালক মদ্যপ অবস্থায় ছিলেন। গাড়ির গতি

এতটাই বেশি ছিল যে নিয়ন্ত্রণ রাখতে পারেননি। তারপরই হুড়মুড়িয়ে ঢুকে পড়ে। পিষে দেয় ছোট শিশুটিকে। এই ঘটনায় গুরুতর ভাবে আহত হন শিশুর বাবা রতন পোদার ও তাঁর মা বিন্দু পোদার। আহতদের মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। বৃহৎস্পতিবার সন্ধ্যায় মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় দীপকে। এক প্রত্যক্ষদর্শী বলেন, “পরশু দিন রাতে আমাদের এখানে মর্মান্তিক ঘটনা ঘটেছে। একটি গাড়ি বেপরোয়া ভাবে বাড়ির ভিতর ঢুকে যায়। বাড়ির ভিতরে থাকা বাচ্চাটি মারা গিয়েছে। ওর মায়েরও পরিস্থিতি খারাপ। মহিলাকে রেফার করা হয়েছে হাসপাতালে। এই পরিস্থিতিতে আমরা সকলে ওদের পাশে দাঁড়ানোর চেষ্টা করছি। খুবই মর্মান্তিক ঘটনা। যে চালক ছিল তাকে গ্রেফতার করা হয়েছে।”

ডিপ টিউবওয়েলের জলেই ‘গোপন বিষ’! দামোদরের ভূগর্ভস্থ জলে ১২ অ্যান্টিবায়োটিক

নিজস্ব প্রতিনিধি, দুর্গাপুর, ২৯ নভেম্বরঃ ডিপ টিউবওয়েলের জল মানেই নিরাপদ-বহুবছরের এই ধারণা ভেঙে দিল দুর্গাপুর এনআইটির গবেষণা। বিজ্ঞানীরা জানাচ্ছেন, দামোদর অববাহিকার ভূগর্ভস্থ জলে মিলেছে এক, দু’টি নয়-জটিল রোগের চিকিৎসায় ব্যবহৃত ১২ ধরনের অ্যান্টিবায়োটিক! যা সরাসরি পান করার ফলে মানুষের শরীরে তৈরি হচ্ছে ভয়ংকর অ্যান্টিবায়োটিক রেজিস্টেন্স। অর্থাৎ, যে ওষুধগুলি রোগ সারানোর কথা, সেই ওষুধই ধীরে ধীরে শরীরে অকার্যকর হয়ে পড়ছে। গবেষণার সূত্রে উঠে এসেছে আরও উদ্বেগজনক তথ্য। দামোদর নদীতে তেজস্ক্রিয় পদার্থের শোঁজ করতে গিয়ে নদীর জলেই অ্যান্টিবায়োটিক পাওয়া গিয়েছিল। কিন্তু এবার দেখা গেল, সেই দূষণ মিশে গিয়েছে ভূগর্ভস্থ জলেও- যেখানে থেকে সরাসরি পানীয় জল তুলে পান করেন মানুষ। নদীর জল যেন পরিশ্রুত হয়ে পাইপ লাইনে আসে, ভূগর্ভস্থ জলে তখন কোনও ফিল্টার নেই। ফলে বিপদ বহুগুণ বাড়ছে। গবেষক দলটি দামোদর অববাহিকার ৭৫টি জায়গা থেকে ভূগর্ভস্থ জলের নমুনা সংগ্রহ করে বিশ্লেষণ করেছেন। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তৈরি হয়েছে পূর্ণবাস্ক ও শিশু-দুই শ্রেণির জন্য আলাদা আলাদা গ্রাফ। দেখা যাচ্ছে, সবচেয়ে আশঙ্কাজনক পরিস্থিতি নিম্ন দামোদর এলাকায়-যেখানে ভূগর্ভস্থ জলে

অ্যান্টিবায়োটিকের ঘনমাত্রা ভয়াবহভাবে বেড়েছে। গবেষণাপত্রে আরও বলা হয়েছে, গত ১৫ বছরে ভূগর্ভস্থ জলে অ্যান্টিবায়োটিকের উপস্থিতি বেড়েছে প্রায় ৬৫ শতাংশ। যদি এই বৃদ্ধির হার না কমে, তা



হলে ২০৬০ সালের মধ্যে বৃদ্ধি হতে পারে ২০২ শতাংশ! পরিস্থিতি নিয়ন্ত্রণে না এলে জল দূষণের সবচেয়ে বড় উৎস হয়ে উঠতে পারে এই অ্যান্টিবায়োটিক-দূষণ, যার জেরে ক্যান্সারসহ বহু জটিল রোগ দ্রুত বাড়তে পারে। দূষণের উৎসও চিহ্নিত করেছেন গবেষকরা। তাঁদের দাবি, পোলটি ফার্মে দ্রুত বৃদ্ধির জন্য অতিরিক্ত অ্যান্টিবায়োটিক ব্যবহার করা হচ্ছে। শুধু মুরগি নয়-সুয়ারে, ভেড়া, গরুও এর আওতা। পাশাপাশি মানুষের মধ্যেও অ্যান্টিবায়োটিক ব্যবহারের হার

১৮ নভেম্বর আন্তর্জাতিক বিজ্ঞানপত্রিকা এনভিরন জিওকমে হেলথ-এ প্রকাশ পেয়েছে তাঁদের গবেষণা। এরকম বাবুর কথায়, “ক’য়েকটি হীলকায় এবং খনই ভূগর্ভস্থ জল তোলা বন্ধ করতে হবে। না হলে বিপদ সামাল দেওয়া যাবে না। একইসঙ্গে দরকার উন্নত ওয়াটার ট্রিটমেন্ট।” দুর্গাপুর এনআইটির গবেষণা তাই স্পষ্ট বার্তা দিচ্ছে-ডিপ টিউবওয়েলের জল নিরাপদ ভাবার দিন শেষ। সময় থাকতে ব্যবস্থা না নিলে সামনে ভয়াবহ সঙ্কট।

গায়ে আগুন দিয়ে আত্মঘাতী মহিলা, এসআইআর আতঙ্ক নিয়ে চাপানউতোর

নিজস্ব প্রতিনিধি, ভাতার, ২৯ নভেম্বরঃ ফের এসআইআর আতঙ্কে আত্মহত্যার অভিযোগ। এবার ঘটনাস্থল পূর্ব বর্ধমানের ভাতার। এসআইআর আতঙ্কে এক মহিলা গায়ে আগুন লাগিয়ে আত্মঘাতী হয়েছেন বলে পরিবারের দাবি। মৃতার নাম মন্তরা খাতুন(৪০)। ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক চাপানউতোর বেড়েছে। মহিলার আত্মহত্যার জন্য নির্বাচন কমিশনকে নিশানা করেছে রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেস। অন্যদিকে, বিজেপির অভিযোগ, এসআইআর নিয়ে আতঙ্ক ছড়াচ্ছে তৃণমূলই। মন্তরার বাড়ি ভাতারের ভূমশো। গ্রামে। পরিবারের বক্তব্য, এসআইআর ফর্ম পূরণ করা নিয়ে দ্বিধাপ্রস্ত ছিলেন মন্তরা। ফর্ম পূরণ

করতে চাইছিলেন না। আতঙ্কে ছিলেন।গতকাল মন্তরার বড়দি আন্তরা খাতুন বুধিয়ে তাকে ফর্ম ফিলাপ করান। অভিযোগ, এরপরই এসআইআর আতঙ্কে গভীর রাতে গায়ে আগুন লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করেন মন্তরা। তড়িঘড়ি তাঁকে উদ্ধার করে ভাতার স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তৃত্বের চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন। মৃতার বড়দি আন্তরা খাতুন ও বৌদি সানিা খাতুনের অভিযোগ, এসআইআর আতঙ্কেই গায়ে আগুন লাগিয়ে আত্মহত্যা করেছেন মন্তরা। আন্তরা বলেন, “আমরা ফর্ম জমা দিলেও আমার বোন প্রথম থেকে আতঙ্কে ছিল। ওকে বললাম, ফর্ম ফিলাপ না

করলে তো ভোটার তালিকায় নাম থাকবে না। কোনও সরকারি সুযোগ সুবিধা পাবি না। আতঙ্কে গায়ে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দেয়া।” অন্যদিকে মৃতার বৌদি সাব্বিরা বলেন, “রাতে হঠাৎ উঠে দেখি প্রায় সবটা পুড়ে গিয়েছে। হাসপাতালে নিয়ে যেতে যেতেই সব শেষ।” ঘটনার খবর পেয়ে পরিবারের সঙ্গে দেখা করতে যান ভাতারের বিধায়ক মানমোহিন্দ অধিকারী। রাজ্যের মন্ত্রী অরুণ বিশ্বাস বলেন, “কমিশনের কাছে জানতে চাই আর কত প্রাণ যাবে? ২ বছরের কাজটা তড়িঘড়ি করে ২ মাসের মধ্যে শেষ করতে গিয়ে প্রায় ৪৫ জন মানুষ আত্মহত্যার পথ বেছে নিয়েছেন। আর কত রক্ত গেলে বিজেপি এবং নির্বাচন কমিশন এটা বন্ধ করবে?” তিনি সাধারণ মানুষকে আতঙ্কিত না হতে আবেদন করেছেন। অন্যদিকে এই ঘটনার জন্য তৃণমূলকে নিশানা করে বিজেপি বিধায়ক লক্ষণ ঘোড়ু বলেন, “তৃণমূল প্রথম থেকেই এই প্রকল্পার বিলোপিত করেছে। তারা আতঙ্ক ছড়াচ্ছে। বিএলও-দের ভয় দেখাচ্ছে। মৃতের পরিবারকেও ভয় দেখাচ্ছে। এসআইআর টিকভাবে হলে ওদের সর্বনাশ হবে, এই ভয়েই তৃণমূল এসব প্রচার করছে।”

ভোটার কার্ড আছে, নাম নেই ভোটার তালিকায়! নিজস্ব প্রতিনিধি, পুরুলিয়া, ২৯ নভেম্বরঃ বাংলায় এসআইআর প্রক্রিয়া চলছে। তার মধ্যেই তৃণমূল নেতার সঙ্গে বা ঘটল আত্মহত্যার বাইরে। জানা যাচ্ছে, ভোটার কার্ড রয়েছে। তা সত্ত্বেও নাম নেই ভোটার তালিকায়। চিন্তায় প্রান্তন তৃণমূল প্রার্থী। বিগত দিনে ভোক্তা তৈরি প্রসঙ্গে তৃণমূলকে খোঁচা বিজেপি। ঘটনাটি পুরুলিয়ার মানবাজার ১ নম্বর ব্লক এলাকার ঘটনা। সেখানে ধীর পাড়ার বাসিন্দা সুমন্ত ধীর। এই ঘটনায় আতঙ্কিত হয়েছেন তিনি। সুমন্তবাবু দাবি করছেন,ভোটার বারি মা এনরনকী তার স্ত্রীর ও ভোটার তালিকায় নাম রয়েছে। অথচ তাঁর নাম নেই ২০২৫ এর ভোটার তালিকায়। তিনি জানিয়েছেন, ২০০৭ সাল থেকে তিনি ভোট দিয়ে আসছেন। এবং ২০১৮ সালে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে গ্রাম পঞ্চায়েতের তিনি নিজেই তৃণমূল কংগ্রেসের হয়ে প্রতিদ্বন্দ্বিতা করেছেন। তারপরও কেন নাম বাদ গেল তার? এই তিনি প্রশ্ন তুলেছেন।

এসআইআর-আতঙ্কে একই বুথে ঘরছাড়া ১৫১! বিস্ফোরক দাবি তৃণমূল কাউন্সিলরের

নিজস্ব প্রতিনিধি, বারাকপুর, ২৯ নভেম্বরঃ এসআইআর নিয়ে রাজ্যজুড়ে চলতে থাকা বিতর্কের মাঝেই নতুন করে উত্তেজনা তৈরি হল উত্তর বারাকপুর পুরসভায়। ৬ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর শ্রীপর্ণা রায় ফেসবুকে পোস্ট করে দাবি করেন তাঁর ওয়ার্ডের একটি বুথ থেকে ১৫১ জন হিন্দিভাষী বাসিন্দা নাকি এলাকা ছেড়ে চলে গিয়েছেন কিংবা বাড়ি ফিরতে ভয় পাচ্ছেন। পোস্টে তিনি তাদেরকে ব্যঙ্গাত্মক ভঙ্গিতে রোহিঙ্গা ফর্ম শব্দবন্ধ ব্যবহার করে উল্লেখ করেন। এই বক্তব্য প্রকাশ্যে আসতেই দানা বাঁধছে নতুন রাজনৈতিক বিতর্ক। উত্তর বারাকপুরের ৬ নম্বর ওয়ার্ডটি ইছাপুরের গোয়ালপাড়া, প্রভাসপল্লি ও নেতাজিপল্লি এলাকা নিয়ে গঠিত। গুরুদ্বার-সংলগ্ন অঞ্চলে বহু অবাঙালি হিন্দিভাষী পরিবার বহু বছর ধরে বাস করছেন- যারা শ্রমিক, ছোট ব্যবসায়ী কিংবা কারখানার কর্মী হিসেবে স্থানীয়ভাবে যুক্ত। কাউন্সিলরের দাবি, ওই বছর পরিবারের অনেকে বর্তমানে ওয়ার্ডে নেই- বিহার, ঝাড়খণ্ড বা উত্তর ভারতের বিভিন্ন অঞ্চলে পিতৃভর্তিতে গিয়ে রয়েছেন এবং এসআইআর-সংক্রান্ত আশঙ্কার কারণে ফিরতে চাইছেন না। শ্রীপর্ণা



কেউ কেউ ফর্ম নিয়েছে, কিন্তু ভয়ে জমা দিচ্ছে না যদি ‘দেশে’ নাম দিতে যায়।” এর পাশাপাশি তিনি সংবাদমাধ্যমের কিছু প্রতিবেদন নিয়ে প্রশ্ন তোলেন। তাঁর দাবি, “মিডিয়া বর্ডারে ৫০ জন মুসলিম দেখিয়ে শত শত রোহিঙ্গা পালাচ্ছে বলছে! অথচ আমরা ওয়ার্ডের এক বুথেই ১৫১ জন হিন্দিভাষী ‘ফর্ম’ নিতে ভয় পাচ্ছে।” পোস্টের নিচে এক মন্তব্যে

তিনি আরও লিখেছেন “দেশে জমি-সম্পত্তি আগে বাঁচুক। ভয়েই অনেকে ফর্ম জমা দিচ্ছে না।” আরেকটি মন্তব্যে তিনি রাজনৈতিক

ভোটার তালিকায় নাম রেখেছেন এবং একই সঙ্গে পশ্চিমবঙ্গের দীর্ঘদিন ধরে বসবাস করছেন। ফলে দুটি রাজ্যে নাম থাকা নিয়ে

আলোচনা বাড়াই অনেকেই ভাবছেন বিষয়টি প্রকাশ্যে এলে জটিলতা তৈরি হতে পারে। এসআইআর নিয়ে এখনও সরকারি কোনও স্পষ্ট নির্দেশিকা প্রকাশ হয়নি। জেলা প্রশাসন জানিয়েছে নাগরিকদের আতঙ্কিত হওয়ার কোনও কারণ নেই, ভোটার তালিকা হালনাগাদ বা পরিচয় যাচাই রীকনি প্রশাসনিক প্রক্রিয়া, গুজবে কান না দিতে সকলকে অনুরোধ করা হচ্ছে। পুলিশও জানিয়েছে সোশ্যাল মিডিয়ায় বিভ্রান্তি ছড়ালে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। বিজেপির অভিযোগ শাসকদলের কাউন্সিলর মিথ্যা দাবি করে অনাবশ্যক আতঙ্ক ছড়াচ্ছেন এবং ভোটার আগে রাজনৈতিক সুবিধা নিতে চাইছেন। অন্যদিকে তৃণমূলের স্থানীয় নেতারা পাণ্টা বলছেন সাধারণ মানুষের আতঙ্কের কথাই তুলে বলছেন শ্রীপর্ণা, এবং প্রশাসনের উচিত দ্রুত সচেতনতা বাড়ানো। এসআইআর নিয়ে এখনও জল্পনা-কল্পনার শেষ নেই। এই পরিস্থিতিতে শ্রীপর্ণা রায়ের দাবি একটি বুথে ১৫১ জন বাসিন্দা এলাকা ছেড়ে রয়েছেন সবচেয়ে কটুতা, তা তামস্ত সাপেক্ষে। তবে তাঁর পোস্ট রাজ্যের রাজনৈতিক উত্তাপ যে আরও বাড়িয়েছে, তা বলাই যায়।

নিশানাও টানেন “এরা গত ২০১৪ থেকে বিজেপির সরি, মোদির ভোটার।” শ্রীপর্ণার এই মন্তব্য থিরে শাসক এবং বিরোধী উভয় শিবিরেই তর্ক-বিতর্ক তুলে। স্থানীয় সঙ্গে দাবি করা হচ্ছে যাদের নিয়ে আতঙ্ক তৈরি হয়েছে, তাঁদের কেউই অসংবেশকারী না। বরং অভিযোগ উঠেছে, বহু হিন্দিভাষী শ্রমিক বিহার-ঝাড়খণ্ডে তাদের গ্রামের

জালিয়াতির আশঙ্কা তৈরি হতে পারে এই ভেবেই নাকি বহু মানুষ আতঙ্কে ফর্ম নেননি অথবা নিজের নামে নথি জমা দিতে চাইছেন না। স্থানীয়দের একাংশের দাবি এখানকার মানুষ বহু বছর ধরে কারখানায় বা ব্যবসায় যুক্ত। কিন্তু পিতৃভিটের ভোটার তালিকা থেকে কান তুললে সত্যের বলে তাঁদের নাম দু’টি রাজ্যেই রয়ে গেছে। এখন এসআইআর নিয়ে

BAJAJ GENERAL INSURANCE LIMITED
(Formerly known as Bajaj Allianz General Insurance Co. Ltd.)
IRDAI Reg. No. 113 | CIN - U66010PN2000PLC015329
Regd. Office: Bajaj Insurance House, Airport Road, Yerawada, Pune-411006.
Tel.: 1800-209-5858 Fax: 020-30512246

PUBLIC NOTICE

Notice is hereby given that, with effect from **2nd Feb 2026**, our **Beharampore office**(Code - 2418) is relocated to new premises as mentioned here in below:

Old office address	New office address
BAJAJ GENERAL INSURANCE LIMITED (Formerly known as Bajaj Allianz General Insurance Co. Ltd.) 3rd Floor K K Banerjee Road, Beharampore, Dist-Murshidabad, West Bengal-742011	BAJAJ GENERAL INSURANCE LIMITED (Formerly known as Bajaj Allianz General Insurance Co. Ltd.) Ground Floor K K Banerjee Road, Beharampore, Dist-Murshidabad, West Bengal-742011

All policyholders are requested to take note of the new address mentioned herein above and any further correspondence to our above branch office be made only to our new address mentioned herein above.

This notice is issued for the information of all our esteemed policy holders and to the public at large, in public interest.

By order
Chief Executive Officer

For and on behalf of
BAJAJ GENERAL INSURANCE LIMITED
(Formerly known as Bajaj Allianz General Insurance Co. Ltd.)

HOOGHLY-CHINSURAH MUNICIPALITY
Mahendra Mitra Road, Pipulpati, PO & Dist.-Hooghly
Tel.: 2680-2899/2319, Telefax.: 2680-6091

e-Tender Notice

Memo No: 2581/WS/SD, Dated: 21/11/2025
E-tenders are invited by the undersigned vide this office **Tender Notice No. WB/MAD/C/HCM/WS/NIT16/11e/25 and Tender Id No-2025_MAD_956827_1 to 4** for Supply & Installation 25 H.P. pump set & fiddler pillar & supply 20 H.P. Motor & etc. at different area under 15th F.C Tied Grant within this Municipality. The last date of submission of e-Tender is: **31/12/2025 at 12:00 hrs.** For more details and bidding online please visit website **https://wbtdenders.gov.in**
Sd/- **Chairman, Hooghly-Chinsurah Municipality**

OFFICE OF THE CHAULKURI GRAM PANCHAYAT
SABANG PANCHAYAT SAMITY
UTTAR ERAL, SABANG, PASCHIM MEDINIPUR

On and behalf of Chaulkuri Gram Panchayat, the undersigned invites e-tender from bonafied and resourceful outside Contractor for BEUP & APAS Scheme, For 2 nos NIT works. Details below and for details please visit website **www.wbtdenders.gov.in**

E-TENDER
NOTICE INVITING TENDER

NIT No.	MEMO NO & DATE
WB/PMZP/ISBG/CHANIET-29/2025-26(APASFUND)	1818/CHA/2025-26 DATE: 26/11/2025
WB/PMZP/ISBG/CHANIET 30/2025-26, (BEUP FUND)	1818/CHA/2025-26, DATE: 26/11/2025

Sd/- **Pradhan, Chaulkuri Gram Panchayat**

HOOGHLY-CHINSURAH MUNICIPALITY
Mahendra Mitra Road, Pipulpati, PO & Dist. - Hooghly
Tel.: 2680-2899/2319, Telefax.: 2680-6092

Notice for invitation e-Tender

e-Tender Notice No: WB/MAD/C/HCM/Eng/APAS/NIT19/11e/25
Memo No: 2649/Eng/S.D, Dated: 28.11.2025
E-Tenders are invited from the experience and reliable contractors for Civil & Electrical works under this Municipality. **Vide e-Tender ID No. 2025_MAD_962808_01-16.** Closing date of Bid submission is **30.12.2025 up to 13.55 hours.** Detailed information will be available from PWD Dept. of this Municipality under APAS Scheme & visit website- **https://wbtdenders.gov.in**
Sd/- **Chairman/Executive Officer**
Hooghly Chinsurah Municipality

UTTARPARA-KOTRUNG MUNICIPALITY
CORRIGENDUM NOTICE
Notice Inviting e-Tender No.: UKM/PWD/APAS/041(e)
2025-26 Date: 17/10/2025
3. Tender ID No.-2025_MAD_927841_3 (SL-03).
The Bid Submission Closing date is hereby extended up to 30-12-2025 in place of 29-11-2025. Date Corrigendum 2 published. For Details: **wbtdenders.gov.in**
Sd/- **Chairman**
Uttarpara-Kotrung Municipality

মানবাধিকার লঙ্ঘনের তদন্তে ভারতীয় বিচারপতি এস মুরলীধরের নেতৃত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ



সংবাদসংস্থা, ২৯ নভেম্বর : ইজরায়েল এবং গাজার মধ্যে চলমান সংঘর্ষ বিশ্বের নজর কেড়েছে। সারা পৃথিবী যখন মানবাধিকার লঙ্ঘন, শরণার্থী সংকট, এবং যুদ্ধাপরাধ নিয়ে উদ্রিগ্ন, তখন রাষ্ট্রসংঘ একটি আন্তর্জাতিক তদন্ত কমিশন গঠন করেছে, যার উদ্দেশ্য হল গাজার প্যালেস্তিনীয় অঞ্চলে মানবাধিকার লঙ্ঘন চিহ্নিত করা এবং এর জন্য দায়ী পক্ষগুলির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা। এই কমিশনের শীর্ষস্থানে রয়েছেন ভারতীয় বিচারপতি এস মুরলীধর, যিনি ওডিশা হাই কোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি হিসেবে পরিচিত। ২০২৩ সালের অক্টোবর মাসে, গাজা এবং ইজরায়েলের মধ্যে সংঘর্ষের তীব্রতা বাড়ানোর পর, রাষ্ট্রসংঘ গঠন করে একটি স্বাধীন আন্তর্জাতিক তদন্ত কমিশন। এই কমিটি বিশেষভাবে মনোনিবেশ করেছে মানবাধিকার লঙ্ঘনের বিষয়টি নিয়ে। মুরলীধরের নেতৃত্বে এই তদন্ত কমিটি নির্ধারণ করবে যে, গাজার ওপর ইজরায়েলি বাহিনীর আক্রমণ এবং প্যালেস্তাইনিদের হামাসের আক্রমণ আন্তর্জাতিক মানবাধিকার আইন ও যুদ্ধকালীন আইনে ভঙ্গ করেছে কিনা। এই কমিশনের কাজ হবে গাজার বর্তমান

পরিস্থিতি এবং উক্ত অঞ্চলে সংঘটিত মানবাধিকার লঙ্ঘনের প্রকৃত তথ্য তুলে ধরা। এর মাধ্যমে বিশ্ববাসীকে জানানো হবে যে, সেখানে জনগণের উপর কী ধরনের অত্যাচার ও মানবাধিকার লঙ্ঘন ঘটেছে। মুরলীধরের নেতৃত্বে এই তদন্ত কমিটি একটি রিপোর্ট প্রস্তুত করবে, যা আন্তর্জাতিক মঞ্চে খুবই গুরুত্ব পাবে এবং বিশ্বের তাবড় রাষ্ট্রনেতারা এবং মানবাধিকার সংস্থাগুলি এটি গভীরভাবে পর্যালোচনা করবে। এই আন্তর্জাতিক তদন্ত কমিটির শীর্ষে একজন ভারতীয় বিচারপতির উপস্থিতি ভারতের জন্য এক বড় গৌরবের বিষয়। এস মুরলীধরের প্রাক্তন বিচারপতি হিসেবে দীর্ঘ কর্মজীবনে বহু সাহসী এবং ঐতিহাসিক রায় তিনি দিয়েছেন। তার সিদ্ধান্তের কারণে দেশের বিচার ব্যবস্থায় গুরুত্বপূর্ণ পরিবর্তন এসেছে। রাষ্ট্রসংঘে একটি এত গুরুত্বপূর্ণ পদের দায়িত্বে একজন ভারতীয় বিচারপতি নিয়োগ ভারতের আন্তর্জাতিক দৃশ্যপটে একটি শক্তিশালী অবস্থান তৈরি করেছে। রাষ্ট্রসংঘের এই কমিশনে এস মুরলীধরের অভিজ্ঞতা, নিরপেক্ষতা এবং সঠিক বিচারবোধ অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ইজরায়েল-প্যালেস্তাইন সংঘর্ষের মধ্যে মানবাধিকার লঙ্ঘনের বিষয়টি নিয়ে চলমান তদন্ত শুধু এই অঞ্চলের মানুষদের জন্যই নয়, পৃথিবীর অন্য অঞ্চলগুলোতেও এক গুরুত্বপূর্ণ উদাহরণ হয়ে দাঁড়াবে।

বিচারপতি মুরলীধরের বিচারিক কাজের প্রতি নিষ্ঠা এবং স্বাধীনতার জন্য তিনি সারা দেশে পরিচিত। তাঁর শাসনকালে ওডিশা হাই কোর্ট একাধিক গুরুত্বপূর্ণ মামলার রায় তাঁর

এতে অংশগ্রহণকারী সদস্যরা বিভিন্ন দেশের অভিজ্ঞ আইনজীবী এবং মানবাধিকার বিশেষজ্ঞ। এর আগে, ব্রাজিলের আইন বিশেষজ্ঞ পাওলো সার্জিও পিনহেইরো কমিটির চেয়ারম্যান ছিলেন। এই কমিশনের দায়িত্ব শুধু একটি নির্দিষ্ট অঞ্চলে নয়, বরং প্রতিটি দেশ এবং সংঘর্ষে মানবাধিকার লঙ্ঘন পর্যবেক্ষণ করা। বিচারপতি মুরলীধরের নেতৃত্বে গাজার মানবাধিকার পরিস্থিতির যথাযথ মূল্যায়ন বিশ্বের সামনে আসবে। বিশ্বের বহু দেশ এবং মানবাধিকার সংস্থা গাজার চলমান পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। আন্তর্জাতিক মানবাধিকার আইন অনুযায়ী, বেসামরিক জনগণের ওপর হামলা এবং তাদের মৌলিক অধিকার লঙ্ঘন করা কোনোভাবেই বৈধ নয়। রাষ্ট্রসংঘের এই কমিশন আশা করে, গাজার বর্তমান মানবাধিকার পরিস্থিতি এবং আন্তর্জাতিক আইনের প্রতি রাষ্ট্রগুলোর শ্রদ্ধা বাড়বে এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধ করা সম্ভব হবে। গাজার চলমান সংঘর্ষ এবং সেখানে মানবাধিকার লঙ্ঘনের তদন্তে ভারতীয় বিচারপতি এস মুরলীধরের নেতৃত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাঁর অভিজ্ঞতা এবং নিরপেক্ষ বিচারবোধের ভিত্তিতে, আশা করা যায় যে, এই কমিশন প্রকৃত ঘটনা উন্মোচন করতে সক্ষম হবে এবং দাবী পক্ষের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। মানবাধিকার লঙ্ঘন রোধে রাষ্ট্রসংঘের এই উদ্যোগ গালা, ইজরায়েল এবং সমগ্র বিশ্বে শান্তি ও ন্যায়বিচারের প্রতিষ্ঠা সুনিশ্চিত করতে সাহায্য করবে।

ইন্দোনেশিয়ায় ভূমিকম্পের হানা প্রাকৃতিক দুর্যোগে অতিষ্ঠ দক্ষিণ-পূর্ব এশিয়ার মানুষ

